



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সদর, ময়মনসিংহ



স্মারক নং- ৩৮১(৮)

তারিখ-০৪/০৭/২০২১ খ্রিঃ

সভার নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, অত্র সদর উপজেলার উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ০৬/০৭/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

Signature
০৭.০৭.২০২১

(তাহমিনা ইয়াসমিন)
উপজেলা কৃষি অফিসার
সদর, ময়মনসিংহ

অনুলিপিঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সদর, ময়মনসিংহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
- ০৫। উর্ধ্বতন উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি, সদর, ময়মনসিংহ।
- ০৬। চেয়ারম্যান, ৫ নং সিরতা ইউনিয়ন পরিষদ।
- ০৭। চেয়ারম্যান, ১১ নং ভাবখালী ইউনিয়ন পরিষদ।
- ০৮। অফিস নথি।

উপজেলা স্থায়ী কমিটির নিয়মিত সভা
 উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ
 কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
 সভাপতি : জনাব আফরোজা হক কলি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
 তারিখ : ০৬.০৭.২১খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকা।
 সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
 অংশগ্রহণকারীর তালিকা :

ক্রঃ নং	কর্মকর্তার নাম	কর্মকর্তার পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব আফরোজা হক কলি রহমান (শাহীন)	১ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।	সদস্য	স্বাক্ষর
২	জনাব মো: আ: রাজ্জাক	উর্ধ্বতন উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি, সদর, ময়মনসিংহ।	সদস্য	স্বাক্ষরিত
৩	জনাব মো: আবু সাঈদ	চেয়ারম্যান, ৫ নং সিরতা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	জনাব মো: আব্দুস সাত্তার	চেয়ারম্যান, ১১ নং ভাবখালী ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	রফিকুল ইসলাম রতন	কৃষক প্রতিনিধি	কো-অপ্ট সদস্য	স্বাক্ষরিত
৬	জনাব তাহমিনা ইয়াসমিন	উপজেলা কৃষি অফিসার	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা জনাব তাহমিনা ইয়াসমিন কে সভা কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
চেয়ারপার্সনের অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমান মাঠে রোপা আমন বীজতলা রয়েছে এবং বীজতলার অবস্থা ভালো। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে পরামর্শ দিয়ে যাচ্ছেন। রোপা আমন ফসল ঘরে তোলার পর মাঠ পতিত থাকে তাই এ সময় বাড়তি ফসল হিসেবে সরিষাআবাদ করলে কৃষকগণ অধিক লাভবান হবেন ও তেল ফসল আবাদ বৃদ্ধিতে ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর ফলে এই উপজেলায় শস্য নিবিড়তা বাড়বে এবং কৃষকের আর্থ সামাজিক উন্নয়ন হবে। তাই সদস্য সচিব সভাকে জানান সরিষা চাষে সম্প্রসারণে একটি উপ-প্রকল্প গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।	সিদ্ধান্ত/সুপারিশ নিম্নলিখিত সিদ্ধান্ত অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সিদ্ধান্ত : সরিষা চাষ সম্প্রসারণে ৮০টি প্রদর্শনী স্থাপন।	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় অত্র স্থায়ী কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা এ বিষয়টি উপস্থাপন করবেন এবং উপজেলা পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।
নিম্নলিখিত সিদ্ধান্ত অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	সিদ্ধান্ত : সরিষা চাষ সম্প্রসারণে ৮০টি প্রদর্শনী স্থাপন।	

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Kali

(জনাব আফরোজা হক কলি)
 সভাপতি, কৃষি ও সেচ স্থায়ী কমিটি
 উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।

